# ই-নিউজ লেটার

## জুলাই-ডিসেম্বর ২০২১

### সম্পাদকীয়

বাংলাদেশ আধুনিক উন্নয়নের মহাসড়কে ধাবমান। বিশ্বায়ন ও বাজার অর্থনীতির প্রেক্ষাপটে আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিবহন এবং অন্যান্য যোগাযোগ নেটওয়ার্কের সাথে বাংলাদেশের সংশ্লিষ্টতা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। আধুনিক যোগাযোগ নেটওয়ার্কের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সারা দেশে যোগাযোগ ব্যবস্থার প্রভুত উন্নতি সাধন করে চলছে। স্বপ্নের পদ্মা বহুমুখী সেতু এবং কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে নির্মিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণ সমাপ্তির পথে। এর ফলে দেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলকে রাজধানী ঢাকার সাথে একীভূত করে সারা দেশের যোগাযোগের পথ সুগম করে উক্ত অঞ্চলের জনগণের জীবন-মানে আমূল পরিবর্তন করা সম্ভব হবে। একই সাথে উত্তরা থেকে ঢাকার দক্ষিণ-পূর্বাঞ্চলের শনির আখড়া পর্যন্ত ২৬ কিলোমিটার দীর্ঘ ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প, ঢাকা আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রকল্প, পঞ্চবটি-মুক্তারপুর সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প, সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II, কচুয়া-বেতাগী সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা শহরে সাবওয়ে (আন্ডারগ্রাউন্ড মেট্রো) নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্পের মত বড় বড় প্রকল্পের নির্মাণ কাজ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ বাস্তবায়ন করছে। এছাড়া প্রক্রিয়াধীন উল্লেখযোগ্য প্রকল্পের মধ্যে রয়েছে ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ, ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প। এছাড়াও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সময়ানুগ ও নতুন নতুন প্রকল্প হাতে নিয়ে সফলতার সঙ্গে এগিয়ে যাচ্ছে।

এই প্রতিষ্ঠানের পরিকল্পিত ও সৃজনশীল উদ্যোগের মধ্যে রয়েছেঃ বঙ্গবন্ধু সেতুতে ডিজিটাল পদ্ধতিতে (ETC) টোল আদায়, ডিজিটাইজ ওজন স্টেশন স্থাপনের মাধ্যমে ওভারলোডেড যানবাহন নিয়ন্ত্রণ,VMS এর মাধ্যমে টোল হার প্রদর্শন, ই-রিক্রুটমেন্ট সিস্টেমের মাধ্যমে অনলাইনে চাকুরির আবেদন গ্রহণ, ফেইস রিকগনিশন এন্ড টেম্পারেচার মেজারমেন্টের মাধ্যমে কোভিড-১৯ এর বিস্তার রোধে ব্যবস্থা গ্রহণ, সেবা প্রার্থীদের অনলাইন মতামত প্রদান ইত্যাদি। এছাড়া, মানব সম্পদ উন্নয়ন কর্মসূচীর আওতায় আধুনিক ধ্যান-ধারণাসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদেরকে দক্ষ ও প্রযুক্তি-বান্ধব করে গড়ে তোলা হচ্ছে।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন ও যুগোপযোগী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থায় আধুনিকায়নের পাশাপাশি বাংলাদেশকে উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে চলেছে।

### পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের পুনর্বাসন ভিলেজে বরাদ্দকৃত প্লটের লীজ দলিল হস্তান্তর

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম.পি ০৩ অক্টোবর/২০২১ তারিখ পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের পুনর্বাসন ভিলেজে বরাদ্দকৃত প্লটের লীজ দলিল হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে লীজ দলিল হস্তান্তর করেন।




চিত্র : পুনর্বাসন ভিলেজে বরাদ্দকৃত প্লটের লীজ দলিল হস্তান্তরে মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম.পি.

পদ্মা নদীর দুই প্রান্তে আধুনিক নাগরিক সুবিধা সম্বলিত সাতটি পুনর্বাসন সাইট নির্মাণ করা হয়েছে। সাতটি পুনর্বাসন সাইটে ৩০১১টি আবাসিক প্লটের মধ্যে ডিসেম্বর/২০২১ পর্যন্ত ২৯৬৩টি বরাদ্দ করা হয়েছে। যার মধ্যে ভূমিহীনদের ৮১৪টি প্লট বিনামূল্যে বরাদ্দ দেওয়া হয়েছে। মোট ১০০টি বাণিজ্যিক প্লটের মধ্যে এ পর্যন্ত ৮১টি বরাদ্দ হয়েছে। ১২০টি বাণিজ্যিক স্পেসের মধ্যে এ পর্যন্ত ৭২টি প্লট বরাদ্দ হয়েছে। প্লট প্রাপ্তদের নিজ নিজ প্লটের ৯৯ বছর মেয়াদি লিজ দলিল রেজিস্ট্রেশন ও দলিল হস্তান্তর কার্যক্রম ২০২০ সালের সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে। ডিসেম্বর ২০২১ পর্যন্ত পুনর্বাসন সাইটগুলোতে প্লট বরাদ্দ প্রাপ্ত ব্যক্তিদের অনুকূলে এ পর্যন্ত ১১৯০টি প্লটের রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে। ডিসেম্বর/২০২১ পর্যন্ত ২১,৮৫৫ জন ক্ষতিগ্রস্ত ব্যক্তির মাঝে মোট ৭৪৯.৩৫ কোটি টাকা অতিরিক্ত সহায়তা বিতরণ করা হয়েছে।

পুনর্বাসন ভিলেজে বরাদ্দকৃত প্লটের লীজ দলিল হস্তান্তর অনুষ্ঠানে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মুন্সীগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব সাগুফতা ইয়াসমিন এমিলি, পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মো: শফিকুল ইসলাম, পদ্মা সেতুতে রেল সংযোগ প্রকল্পের প্রধান সমন্বয়ক মেজর জেনারেল জনাব এস এম জাহিদ হোসেন প্রমুখ। উক্ত অনুষ্ঠানে পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন) জনাব দেওয়ান সাঈদুল হাসান, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ড. মো: মনিরুজ্জামান, সেতু বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) জনাব রশিদুল হাসান, প্রকল্পের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুনর্বাসন) জনাব মোহাম্মদ ফরিদুল আলমসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## পদ্মা বহুমুখী সেতুতে পিচ ঢালাই শুরু

পদ্মা বহুমুখী সেতুর সড়ক পথের পিচ ঢালাই শুরু হয়েছে। দুই স্তর মিলিয়ে একশ মিলিমিটার পুরুত্বের পিচ ঢালাই [কার্পেটিং] হবে। এর মধ্যে প্রথম স্তর হবে ৬০ মিলিমিটার এবং দ্বিতীয় স্তর হবে ৪০ মিলিমিটার। গত ১০ নভেম্বর ২০২১ তারিখ সকাল ১০টার দিকে ৪০ নম্বর পিলার থেকে এ পিচ ঢালাই কার্যক্রম শুরু হয়।


চিত্র : পদ্মা সেতুর সড়ক পথের পিচ ঢালাই শুরু

গত ১৩ জুলাই ২০২১ তারিখ পিচ ঢালাইয়ের কাজ পরীক্ষা করা হয়। "দুই স্তরে একশ মিলিমিটার পুরুত্বের এই কার্পেটিং বিশ্বমানের। ধূসর, হলুদ, সাদা ও কমলা রংয়ের 'ওয়াটার প্রুফ লেয়ারের' উপর প্রথম স্তরে ৬০ মিলিমিটার পুরো করে কার্পেটিং করা হচ্ছে। পরবর্তীতে দ্বিতীয় স্তরে আরও ৪০ মিলিমিটার পুরুত্বের কার্পেটিং করা হচ্ছে। শত বছরের আয়ুষ্কাল ঠিক রেখে আগামী জুন ২০২২ মধ্যে যান চলাচল উপযোগী করার লক্ষে দূরন্ত গতিতে এগিয়ে চলছে এ পিচ ঢালাই কার্যক্রম।

## বঙ্গবন্ধু টানেল-এর ২য় টিউবের বোরিং কার্যক্রম সম্পন্ন

চট্টগ্রামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলের দ্বিতীয় টিউবের খনন কাজ ০৭ অক্টোবর ২০২১ তারিখ সম্পন্ন হয়েছে। টানেলে নদীর অংশে তৈরি করা হয়েছে দু'টি টিউব। ইতোমধ্যে প্রথম টিউবের ভিতরের রাস্তার কাজ শেষ হয়েছে এবং দ্বিতীয় টিউবের ভিতরের রাস্তার কাজ চলমান রয়েছে। নির্মিতব্য টানেলটি চালুর পর অর্থনৈতিক প্রবাহে আসবে আমূল পরিবর্তন। আর এটি হবে দক্ষিণ এশিয়ায় নদীর তলদেশে প্রথম টানেল। টানেলটির একটি প্রান্ত পতেঙ্গা হতে শুরু হয়ে আনোয়ার প্রান্ত শেষ হয়েছে। বঙ্গবন্ধু টানেলকে কেন্দ্র করে এরই মধ্যে কর্ণফুলী নদীর ওপারে প্রস্তুত কোরিয়ান ইপিজেড ও অর্থনৈতিক অঞ্চল। চট্টগ্রামে দেশি-বিদেশি বিনিয়োগে গড়ে ওঠা ক্ষুদ্র, মাঝারি ও ভারী শিল্প গতিশীল রেখেছে দেশের অর্থনীতিকে। কিন্তু, যোগাযোগ ব্যবস্থার সীমাবদ্ধতায় ক্ষতিগ্রস্ত হচ্ছে বন্দরনগরী। তাই কর্ণফুলী নদীতে এই টানেলের কাজ শুরু হয় ২০১৯ সালে।


চিত্র : টানেলের ২য় টিউবের বোরিং কার্যক্রম

টানেলটি নির্মাণ হলে এই অঞ্চলের অর্থনৈতিক কর্মকান্ড বেড়ে যাবে বহুগুণ। পাশাপাশি এশিয়ান হাইওয়ে ও নতুন সিল্ক রুটে প্রবেশ করে চট্টগ্রাম হয়ে উঠবে দেশের প্রধান অর্থনৈতিক করিডোর। এতে করে অনেকের কর্মসংস্থান সৃষ্টি হবে এবং শিল্পায়নে আমূল পরিবর্তন আসবে। এই টানেলের মাধ্যমে চট্টগ্রাম নগরীর সঙ্গে যুক্ত হবে আনোয়ারা ও কর্ণফুলী উপজেলা। দুই শহরের সমন্বয়ে গড়ে উঠবে আরেকটি শহর। চীনের সাংহাই শহরের আদলে চট্টগ্রামকে 'ওয়ান সিটি, টু টাউন' মডেলে গড়ে তুলতে কর্ণফুলী নদীর তলদেশে এই টানেল নির্মাণ করছে বর্তমান বাংলাদেশ সরকার। ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ভৌত কাজের অগ্রগতি ৭৭.৫%। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেলটির নির্মাণ কাজ ২০২২ সালের ডিসেম্বর-এ শেষ হবে বলে আশা করা হচ্ছে।

## ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণে অংশীজন সভা অনুষ্ঠিত

সেতু বিভাগের সম্মেলন কক্ষে ০৬ অক্টোবর ২০২১ তারিখ ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণে অংশীজন সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্রাহ্মণবাড়িয়া-৬ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব এ.বি. তাজুল ইসলাম এবং নারায়ণগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব নজরুল ইসলাম বাবু উপস্থিত ছিলেন। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক।




চিত্র : অংশীজন সভায় নির্বাহী পরিচালক

এর পূর্বে গত ৩১ জুলাই ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর প্রস্তাবিত সেতু নির্মাণ এলাকা পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প এলাকায় ব্রাহ্মণবাড়িয়া-৬ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব এ.বি. তাজুল ইসলাম, নারায়ণগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব নজরুল ইসলাম বাবু, সেতু বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী এবং প্রকল্প পরিচালক, ডেলিভারী টিম উপস্থিত ছিলেন।

## সেতু ভবন প্রাঙ্গণে এটিএম বুথ স্থাপন

সেতু ভবন প্রাঙ্গণে ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখ সোনালী ব্যাংক লিমিটেড-এর এটিএম বুথ উদ্বোধন করেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) জনাব মো: রেজাউল হায়দার।



চিত্র : এটিএম বুথ উদ্বোধনে পরিচালক (প্রশাসন)

উক্ত উদ্বোধন অনুষ্ঠানে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালকগণ এবং প্রধান প্রকৌশলী উপস্থিত ছিলেন। এছাড়া উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং সোনালী ব্যাংক লিমিটেড এর উর্ধ্বতন কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন।

## জাতীয় শোক দিবস ২০২১ পালন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস-এ সকাল ০৮:০০ ঘটিকায় ধানমন্ডির ৩২নম্বর রোডে অবস্থিত জাতির পিতার প্রতিকৃতিতে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক-এর নেতৃত্বে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।



চিত্র : জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন সকল কার্যালয়ের মসজিদে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতির পিতার পরিবারের সকল শহিদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বাদ যোহর বিশেষ মোনাজাত করা হয়।

এছাড়া, বিকাল ০৩:৩০ ঘটিকায় জুম অনলাইন প্ল্যাটর্ফমে "বঙ্গবন্ধুর জীবনালেখ্য ও যোগাযোগ খাতে উন্নয়ন দর্শন"-শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে যুক্ত ছিলেন নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক।

সেতু বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মো: আনোয়ার হোসেন সভায় সভাপতিত্ব করেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক (প্রশাসন) দেওয়ান সাঈদুল হাসান। অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্বে ছিলেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব আলতাফ হোসেন সেখ। সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং এর আওতাধীন প্রকল্পসমূহের প্রকল্প পরিচালকগণ, উপসচিব/সমমর্যাদা ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণ এতে অংশগ্রহণ করেন।

## বিবিএ মাস্টার প্লান প্রকল্পের ইনসেপশন রিপোর্ট উপস্থাপিত

গত ০২ সেপ্টেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টার প্লান প্রকল্পের ইনসেপশন রিপোর্ট উপস্থাপিত হয়।



চিত্র : বিবিএ মাস্টার প্লান-এর ইনসেপশন রিপোর্ট উপস্থাপন অনুষ্ঠানে নির্বাহী পরিচালক

উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সেতু কতৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক। মাস্টার প্লান প্রকল্পের ইনসেপশন রিপোর্ট উপস্থাপন অনুষ্ঠানে দেশ ও বিদেশ হতে নির্মাণ অবকাঠামোর সাথে সম্পৃক্ত বিভিন্ন ব্যাক্তবর্গ অনলাইন-এ যুক্ত ছিলেন এবং তাঁরা গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন।

## ঋণচুক্তি স্বাক্ষরিত

গত ২৮ অক্টোবর ২০২১ তারিখ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের জন্য বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং চায়না এক্সিম ব্যাংক-এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির আওতায় চীনা এক্সিম ব্যাংক Preferential Buyer’s Credit (PBC)-এর আওতায় বাংলাদেশকে ১১২ কোটি ৬৯ লাখ ডালার ঋণ দেবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ঢাকার সঙ্গে ৩০টি জেলার সংযোগ স্থাপনকারি আব্দুল্লাপুর-আশুলিয়া-বাইপাইল-চন্দ্রা করিডোরে প্রকট যানজট কমে আসবে। বিমানবন্দর ইন্টারসেকশন থেকে শুরু হয়ে আব্দুল্লাপুর-আশুলিয়া-বাইপাইল দিয়ে ইপিজেড পর্যন্ত অংশে নির্মাণ করা হবে ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে। মূল উড়ালসড়কটির দৈর্ঘ্য ২৪ কিলোমিটার।

## ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের এলাইনমেন্ট পরিদর্শন



চিত্র : ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের এলাইনমেন্ট পরিদর্শনে নির্বাহী পরিচালক

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক ২৫ নভেম্বর ২০২১ তারিখ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের এলাইনমেন্ট পরিদর্শন করেন। পরিদর্শনকালে নির্বাহী পরিচালক প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় প্রকল্প এলাকায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), সেতু বিভাগের যুগ্নসচিব (উন্নয়ন), প্রকল্প পরিচালক, উপপ্রকল্প পরিচালক এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। এর পূর্বে গত ২৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের এম.পি. ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্পের Pile এর ধারন ক্ষমতা জানার জন্য “Static Load Test” এর শুভ সূচনা করেন।

## বঙ্গবন্ধু সেতু পরিচালনা ও রক্ষণাবেক্ষণের চুক্তি স্বাক্ষরিত

সেতু বিভাগের সম্মেলন কক্ষে আগামী ০৫ বছর বঙ্গবন্ধু সেতু পরিচালনা ও রক্ষণাবেক্ষন-এর জন্য ০২ নভেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং চায়না কমিউনিকেশন কনস্ট্রাকশন কোম্পানী লিমিডেট (সিসিসিসি)-এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক।




চিত্র : বঙ্গবন্ধু সেতু পরিচালনা ও রক্ষণাবেক্ষণের চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন প্রধান প্রকৌশলী জনাব কাজী মো: ফেরদাউস এবং সিসিসিসি লিঃ এর বাংলাদেশের প্রধান জনাব প্যাং মিং। এছাড়াও চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালকগণ, সেতু বিভাগের যুগ্মসচিবগণ এবং সিসিসিসি লিঃ এর প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

## ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষার ড্রাফট ফাইনাল রিপোর্ট দাখিল

ঢাকা শহরের অসহনীয় যানজট সমস্যা সমাধানের লক্ষে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীনে ২৬০.৭৯ কিলোমিটার এলাইনমেন্টে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার কাজ প্রায় শেষ হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান TECNICA Y PROYECTOS. SA, (TYPSA), SPAIN সাবওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষার ড্রাফট ফাইনাল রিপোর্ট গত ০৭ ডিসেম্বর ২০২১ তারিখ দাখিল করে।




চিত্র : ঢাকা সাবওয়ে রুটের এলাইমেন্ট

এ সমীক্ষা প্রকল্পের ড্রাফট ফিজিবিলিটি রিপোর্টে মোট ১২টি সাবওয়ে নেটওয়ার্ক প্রস্তাব করা হয়েছে।

## পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের জন্য এনজিও নিয়োগ

পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নের জন্য গত ০৩ নভেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং সমাহার (NGO) এর মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক।



চিত্র : এনজিও নিয়োগের চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব শফিকুল ইসলাম। এছাড়া চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু বিভাগ এর উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সমাহার-এর প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন।

## দ্রুত গতিতে এগিয়ে চলছে বিআরটি প্রকল্পের নির্মাণ কাজ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক ১১ নভেম্বর ২০২১ তারিখ বিআরটি প্রকল্পের অধীন টংগী এলাকায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অংশের ৪.৫ কিলোমিটার সড়কের নির্মাণ কাজ পরিদর্শন করেন। পরিদর্শনকালে নির্বাহী পরিচালক প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।এ সময় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী, প্রকল্প পরিচালক, ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ এবং বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।



চিত্র : চলমান বিআরটি প্রকল্পের কাজ

প্রকল্পের এলিভেটেড অংশ ছাড়াও At-grade এ দ্রুতগতির যানবাহন চলাচলের জন্য ০৪ লেনের MT Lane এর পাশাপাশি ধীরগতির যানবাহন চলাচলের জন্য পৃথক ০২ লেন বিশিষ্ট NMT Lane নির্মাণ করা হচ্ছে। এ কাজগুলো সম্পন্ন হলে সড়কটি দিয়ে নিরবচ্ছিন্নভাবে যানবাহন চলাচল করতে পারবে এবং জনসাধারণ দ্রুততম সময়ে গন্তব্যস্থলে পৌছাতে পারবে। আগামী জুন ২০২২ এর মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

## ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদযাপন



চিত্র : ডিজিটাল বাংলাদেশ উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণ

পঞ্চমবারের মতো সারা দেশে উদযাপিত হয়েছে ডিজিটাল বাংলাদেশ দিবস। 'ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ'এই প্রতিপাদ্য বিষয় নিয়ে ১২ ডিসেম্বর ২০২১ তারিখ দিবসটি উদযাপিত হয়। ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত বর্ণাঢ্য অনুষ্ঠানে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণ। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় সংসদের প্রধান হুইপ নূর-ই-আলম চৌধুরী। আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের নেতৃত্বে বর্ণাঢ্য শোভাযাত্রাটি জাতীয় সংসদের দক্ষিণ প্লাজা হতে শুরু করে খামারবাড়ি হয়ে পুনরায় দক্ষিণ প্লাজায় গিয়ে শেষ হয়। পরবর্তিতে উদ্বোধনী অনুষ্ঠান, দিনব্যাপী অন্যান্য অনুষ্ঠানে উক্ত কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

## মহান বিজয় দিবস ২০২১ উদযাপন



চিত্র : শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় কর্মকর্তা-কর্মচারীগণ

গত ১৫ ডিসেম্বর ২০২১ তারিখে মহান বিজয় দিবস উপলক্ষ্যে শহীদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সেতু ভবনের নামাজের কক্ষে বাদ যোহর বিশেষ মোনাজাত ও প্রার্থনা করা হয়।

## অনলাইন অভিজ্ঞতা সনদ ভেরিফিকেশন সিস্টেম চালু

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন যাবতীয় ক্রয় কার্য ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন হয়ে থাকে। ক্রয় কার্য সফলভাবে সম্পন্ন হওয়ার পর তাদেরকে কার্য সম্পাদন সনদ প্রদান করা হয়। এটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক ক্রয়কারী প্রতিষ্ঠানকে প্রদত্ত একটি সেবা এই সেবাটি ডিজিটাইজেশনের উদ্দেশ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অনলাইন প্লাটফর্মে 'অনলাইন অভিজ্ঞতা সনদ ভেরিফিকেশন সিস্টেম' নামের একটি ওয়েবভিত্তিক সফটওয়ার চালু করেছে। সফটওয়ারটি ওয়েব লিংকের সাথে সংযুক্ত। লিংকে করতে https://eservice.bba.gov.bd/certificates। উক্ত সফটওয়ারটি ৩০ ডিসেম্বর ২০২১ তারিখে ঠিকাদারদের জন্য উন্মুক্ত করা হয়েছে। সফটওয়ারটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ওয়েব পোর্টাল www.bba.gov.bd এর 'আভ্যান্তরীণ ই-সেবাসমূহ' আওতায় সংযুক্ত করা হয়েছে।




চিত্র : অনলাইন অভিজ্ঞতা সনদ ভেরিফিকেশন সিস্টেম

সেবাটির আওতায় এখন থেকে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের টেন্ডার কাজে অংশগ্রহণকারী ঠিকাদার প্রতিষ্ঠান কার্যসম্পাদনের পর কম্পিউটার বা মোবাইল ডিভাইস থেকে অভিজ্ঞতা সনদপত্রের নম্বর অথবা পূর্বে ডাউনলোডকৃত অভিজ্ঞতা সনদপত্র থেকে QR Code স্ক্যান করে অভিজ্ঞতা সনদ ডাউনলোড করতে পারছেন। এছাড়া সেবাটি ব্যবহার করে টেন্ডার আহ্বানকারী যেকোন প্রতিষ্ঠান QR Code স্ক্যান করে অভিজ্ঞতা সনদপত্রটির সঠিকতা যাচাই করতে পারছেন।

## ২০২০-২১ কর বছরে স্থানীয় কর্তৃপক্ষ খাতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারীর মর্যাদা অর্জন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সোনার বাংলা বিনির্মাণে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নিয়মিত কর প্রদান করে অগ্রণী ভুমিকা পালন করে আসছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ২০২০-২১ কর বছরে "স্থানীয় কর্তৃপক্ষ" খাতে ২য় সর্বোচ্চ আয়কর প্রদানকারী হিসেবে নির্বাচিত হয়েছে।



চিত্র : পরিচালক (অর্থ ও হিসাব) কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান-এর নিকট হতে ট্যাক্স কার্ড ও সম্মাননাপত্র গ্রহণ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক এর পক্ষে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (অর্থ ও হিসাব) জনাব মো: রূপম আনোয়ার জাতীয় রাজস্ব বোর্ড এর চেয়ারম্যান জনাব আবু হেনা মো: রহমাতুল মুনিম-এর নিকট হতে ট্যাক্স কার্ড ও সম্মাননা পত্র গ্রহণ করেন। এছাড়া ১২ ডিসেম্বর ২০২১ তারিখে ২০২০-২১ কর বর্ষে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের "ভ্যাট সনদ" অর্জন করে।

## সেতুর টোল হার পুনর্নির্ধারণ এবং গাড়ীর শ্রেণী নির্ধারণ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ রক্ষণাবেক্ষণ ব্যয় মেটানো ও ঋণ পরিশোধের জন্যে আয় বাড়ানোর লক্ষ্যে বঙ্গবন্ধু সেতু এবং মুক্তারপুর সেতুর পুনর্নির্ধারিত টোল হার ১৯ নভেম্বর ২০২১ হতে কার্যকর করা হয়। সেই সাথে গাড়ীর শ্রেণী নির্ধারণ করা হয়ঃ

**(ক) বঙ্গবন্ধু সেতু:**

| যানবাহনের শ্রেণিবিন্যাস | পুনঃনির্ধারিত টোল হার (টাকা) |
|---|---|
| মোটর সাইকেল | ৫০.০০ |
| হাল্কা যানবাহন (কার/জীপ) | ৫৫০.০০ |
| হাল্কা যানবাহন (মাইক্রো, পিকআপ) (১.৫ টনের কম) | ৬০০.০০ |
| ছোট বাস (৩১ আসন বা কম) | ৭৫০.০০ |
| বড় বাস (৩২ আসন বা বেশী) | ১০০০.০০ |
| ছোট ট্রাক (৫ টন পর্যন্ত) | ১০০০.০০ |
| মাঝারি ট্রাক (৫-৮ টন পর্যন্ত) | ১২৫০.০০ |
| মাঝারি ট্রাক (৮-১১ টন পর্যন্ত) | ১৬০০.০০ |
| ট্রাক (৩ এক্সেল) | ২০০০.০০ |
| ট্রেইলার (৪ এক্সেল পর্যন্ত) | ৩০০০.০০ |
| ট্রেইলার (৪ এক্সেলের অধিক) | ৩০০০.০০+ প্রতি এক্সেল ১০০০.০০ |
| ট্রেন | বাৎসরিক ১ কোটি |

**খ) মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতু:**

| যানবাহনের শ্রেণিবিন্যাস | পুনঃনির্ধারিত টোল হার (টাকা) |
|---|---|
| ভ্যান (৩ চাকা বিশিষ্ট)/মোটর সাইকেল | ১৫.০০ |
| সিএনজি/অটোরিক্সা (৩ চাকা বিশিষ্ট) | ৩০.০০ |
| কার/টেম্পু | ৫০.০০ |
| জীপ/মাইক্রো/পিক-আপ (৪ চাকা বিশিষ্ট) | ৫০.০০ |
| ছোট বাস (৩১ আসন বা কম) | ১৫০.০০ |
| বড় বাস (৩২ আসন বা বেশী) | ২৫০.০০ |
| ছোট ট্রাক (৫ টন পর্যন্ত) | ২০০.০০ |
| মাঝারি ট্রাক (৫-৮ টন পর্যন্ত) | ২৫০.০০ |
| মাঝারি ট্রাক (৮-১১ টন পর্যন্ত) | ৬০০.০০ |
| ট্রাক (৩ এক্সেল পর্যন্ত) | ৮০০.০০ |
| ট্রেইলার (৪ এক্সেল পর্যন্ত) | ১০০০.০০ |
| ট্রেইলার (৪ এক্সেলের অধিক) | ১০০০.০০+ প্রতি এক্সেল ৫০০.০০ |

## বঙ্গাবন্ধু সেতুর আর্থ-সামাজিক প্রভাব মূল্যায়নের প্রতিবেদন উপস্থাপিত

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন বঙ্গাবন্ধু সেতু নির্মাণের পর ১৯৯৮ সালের ২৩ জুন যান চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। এ সেতু নির্মাণের ফলে যাতায়াত ব্যবস্থা যেমন সহজতর হয়েছে তেমনি উত্তরাঞ্চলে কৃষি পণ্যাদি উৎপাদনের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে এবং কৃষকরা তাদের পণ্যের ন্যায্য মূল্যও পাচ্ছেন। ২৩ ডিসেম্বর ২০২১ তারিখ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ সোশ্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ বঙ্গাবন্ধু সেতুর আর্থসামাজিক প্রভাব মূল্যায়নের ড্রাফট ফাইনাল রিপোর্ট দাখিল করে। বঙ্গাবন্ধু সেতু উদ্বোধনের পর হতে বর্তমান সময় পর্যন্ত আর্থ-সামাজিক প্রভাব মূল্যায়নে সেতুটির ভূমিকা নিরূপণের উদ্দেশ্যে গত ১৩ এপ্রিল ২০২১ তারিখে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অফ সোশ্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্চ-এর মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়।




চিত্র : আর্থ-সামাজিক প্রভাব মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন অনুষ্ঠানে নির্বাহী পরিচালক

উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে ছিলেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক। সভায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু বিভাগ এর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ হতে মিঠামইন উপজেলা পর্যন্ত উড়াল সড়ক নির্মাণে অংশীজন সভা অনুষ্ঠিত

কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ হতে মিঠামইন উপজেলার মরিচখালী পর্যন্ত উড়াল সড়ক-এর ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন পরিকল্পনা বিষয়ে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উদ্যোগে ৩১ আগস্ট ২০২১ তারিখ অংশীজনের সাথে এক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: মুজিবুল হক, এম.পি. কিশোরগঞ্জ-৩, অতিথি হিসেবে ছিলেন জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক, এম.পি. কিশোরগঞ্জ-৪ এবং জনাব মো: আবু বকর ছিদ্দীক, নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। কিশোরগঞ্জ-এর জেলা প্রশাসক জনাব মোহাম্মদ শামীম আলম সভায় সভাপতিত্ব করেন।



চিত্র : উড়াল সড়ক-এর অংশীজন সভা

এছাড়া সভায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তা, জেলা প্রশাসনের কর্মকর্তা, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং প্রকল্প এলাকার বিভিন্ন স্তরের ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাস্ক ও স্যানিটাইজার বিতরণ



চিত্র : মাস্ক ও স্যানিটাইজার বিতরণ কার্যক্রম

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০২১ তারিখে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব শতবর্ষ উপলক্ষ্যে সেতু বিভাগ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদেরকে স্বাস্থ্য বিধি বিষয়ক সচেতনতা সৃষ্টির লক্ষে ১২৩টি মাস্ক ও স্যানিটাইজার বিতরণ করা হয়।

## সুশাসন প্রতিষ্ঠায় অংশীজন সভা অনুষ্ঠিত

গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদানকারী ঠিকাদারদের সমন্বয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সেতু ভবনে অংশীজনের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।



চিত্র : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন সভা

উক্ত সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) জনাব মো: রূপম আনোয়ার। এছাড়া সভায় সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## কর্মকর্তাদের বদলি

সাবেক সচিব, সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক জনাব মো: আবু বকর ছিদ্দীক-কে গত ৩০ ডিসেম্বর ২০২১ তারিখ বদলি মাধ্যামিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এ বদলি করা হয় ।



চিত্র : জনাব মোঃ আবু বকর ছিদ্দীক

বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২১তম ব্যাচের কর্মকর্তা জনাব মো: মনিরুল আলম, অতিরিক্ত পরিচালক (প্রশাসন)-কে ১১ নভেম্বর ২০২১ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-এ বদলি করা হয়।



চিত্র : জনাব মোঃ মনিরুল আলম

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে প্রেষণে নিয়োজিত সহকারী পরিচালক (হিসাব ও বাজেট) জনাব দিলীপ কুমার পাল-কে ২০ ডিসেম্বর ২০২১ তারিখ মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়ে বদলি করা হয়।



চিত্র : জনাব দিলীপ কুমার পাল

## কর্মকর্তাদের পদোন্নতি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১০তম ব্যাচের কর্মকর্তা ড. মো: মনিরুজ্জামান, ০৭ সেপ্টেম্বর ২০২১ তারিখ অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন।



চিত্র : জনাব ড. মো: মনিরুজ্জামান

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) পদে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০তম ব্যাচের কর্মকর্তা জনাব আলতাফ হোসেন সেখ, ২৯ অক্টোবর ২০২১ তারিখ যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন।



চিত্র : জনাব আলতাফ হোসেন সেখ

## কর্মকর্তাদের যোগদান

বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২০তম ব্যাচের কর্মকর্তা জনাব শাহীনুর শাহীন খান, ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক (সেইফগার্ড) পদে যোগদান করেন।



চিত্র : জনাব শাহীনুর শাহীন খান



চিত্র : মোসাঃ শরীফুন্নেসা

বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৫তম ব্যাচের কর্মকর্তা মোসাঃ শরীফুন্নেসা, উপসচিব ০৮ ডিসেম্বর ২০২১ তারিখ পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের উপপ্রকল্প পরিচালক (প্রশাসন, অর্থ ও হিসাব, ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন) পদে যোগদান করেন।

## নব নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের যোগদান

০১ নভেম্বর ২০২১ তারিখ (১৩-২০) গ্রেড ভুক্ত ১৩জন কর্মচারী বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে যোগদান করেন। যোগদান পরবর্তী তাদের অরিয়েনটেশন সম্পন্ন করে বিভিন্ন অনুবিভাগে পদায়ন করা হয়।



চিত্র : নবযোগদানকৃত কার্মচারীগণ

## কর্মকর্তার পিআরএল-এ গমন

০৪ নভেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালক (প্রশাসন) জনাব মো: রেজাউল হায়দার অবসর-উত্তর (পিআরএল) ছুটিতে গমন করেন। তিনি ২৮ জানুয়ারি ২০১০ তারিখে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক হিসেবে যোগদান করেন।



চিত্র : জনাব মো: রেজাউল হায়দার

## নিউজ লেটার প্রকাশনা কমিটি


প্রধান পৃষ্ঠপোষক : নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

উপদেষ্টাবৃন্দ : পরিচালক (প্রশাসন), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), পরিচালক (অর্থ ও হিসাব) এবং পরিচালক কারিগরি/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।

এডিটরিয়াল কমিটি :
আহ্বায়ক -অতিরিক্ত পরিচালক (পিএন্ডডি) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য- অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য- প্রোগ্রামার, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য- উপপরিচালক (অডিট), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য- উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য-উপপরিচালক (পিএন্ডডি), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য-নির্বাহী প্রকৌশলী (নদীশাসন) (চঃদাঃ), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য- সহকারী পরিচালক (আইন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য- সহকারী পরিচালক (পিএন্ডডি)), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সদস্য-সচিব- জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
ফোন : 02-55040333
ফ্যাক্স: ০২-৫৫০৪০৪৪৪
ওয়েবসাইট: www.bba.gov.bd